JA...

তারিখ ...
পৃষ্ঠা ২ ... কলাম ... ৫ ...

২৫ জানুয়ারি রাবি শিক্ষক সমিতি নির্বাচন

# ১৫ পদের জন্য দুই প্যানেলে ৩০ শিক্ষক প্রার্থী হয়েছেন

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের ১৫টি পদের জন্য দুই প্যানেলভুক্ত হয়ে ৩০ জন শিক্ষক মনোনয়নপত্র জমা দিয়েছেন। বুধবার ছিল মনোনয়নপত্র দাখিলের নির্ধারিত দিন। ২৫ জানুয়ারি নির্বাচন।

আওয়ামী লীগ ও বামপন্থী শিক্ষক সমর্থিত হলুদ প্যানেল থেকে অধ্যাপক এম মিজানউদ্দিন (সমাজবিজ্ঞান) সভাপতি ও ড. সফিকুন্নবী সামাদী (সঙ্গীত ও নাট্যতত্ত্ব) সাধারণ সম্পাদক পদপ্রার্থী। অপরদিকে বিএনপি ও জামায়াতপন্থী শিক্ষকদের সাদা প্যানেল থেকে অধ্যাপক শাহাদৎ হোসেন মণ্ডল (আইবিএসসি) সভাপতি ও ড. জগলুল হায়দার (রাষ্ট্রবিজ্ঞান) সাধারণ সম্পাদক পদপ্রার্থী।

হলুদ প্যানেলের প্রার্থীরা হলেন- সহ-সভাপতি অধ্যাপক শাহনেওয়াজ আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক সুশান্ত কুমার ভট্টাচার্য, যুগ্ম সম্পাদক পদে অধ্যাপক রুস্তম আলী এবং কার্যনির্বাহীর ১০ সদস্য পদে অধ্যাপক শহিদুল ইসলাম, অধ্যাপক মুস্তাফিজুর রহমান, অধ্যাপক মুশফিক আহম্মেদ, অধ্যাপক আতর আলী, অধ্যাপক নাসিম আঞ্জুম, অধ্যাপক মুজিবুর রহমান, অধ্যাপক রেজাউল করিম, অধ্যাপক জুলফিকার আলী, অধ্যাপক ওয়ালিউল হাসনাত এবং অধ্যা[...] আবু বকর মোঃ ইসমাইল।

বিএনপি ও জামায়াতপন্থী সাদা প্যানে[...] প্রার্থীরা হলেন, সহ-সভাপতি অধ্যা[...] রকিবুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক জি[...] রহমান, যুগ্ম সম্পাদক রফিক আজাদ এ[...] কার্যনির্বাহী সদস্য পদে অধ্যাপক আ[...] বাশার, অধ্যাপক আবদুল হাই তালুকদ[...] অধ্যাপক শামীম খান, অধ্যাপক শাজু[...] রহমান, অধ্যাপক কাজী মুস্তাফিজুর রহম[...] অধ্যাপক নূরুল আমিন, অধ্যাপক জাম[...] আলী সরকার, অধ্যাপক আবদুল ম[...] তালুকদার, অধ্যাপক রবিউল হোসেন [...] অধ্যাপক ওমর আলী। শিক্ষক সমিতির [...] ভোটার সংখ্যা ৭৯২ জন।